গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.১৬০৭ তারিখ: ২৩/০৭/২০২৩ খ্রি.

**বিষয়: গ্রীষ্মকালীন ছুটি বাতিল এবং শীতকালীন ছুটি বর্ধিতকরণের ফলে বিদ্যমান কর্মদিবসের সাথে নতুন শিক্ষাক্রমের কার্যক্রম সমন্বয় সংক্রান্ত।**

সূত্র: এনসিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০০৩.২১.১; তারিখ: ২০ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্র মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৫২ অনুযায়ী গ্রীষ্মকালীন ছুটি বাতিল করা হয়েছে এবং ৩০ নভেম্বর, ২০২৩ এর মধ্যে সকল শিখন ও মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ ও বাতিলকৃত গ্রীষ্মকালীন ছুটি শীতকালীন ছুটির সাথে সমন্বয়ের নির্দেশনা দেওয়া হয়েছে। ফলে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে চলমান নতুন শিক্ষাক্রমের কার্যক্রম বিদ্যমান কর্মদিবসের সাথে সমন্বয়ের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রেরিত নিম্নোক্ত বিষয়গুলো সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা হলো।

১. নতুন শিক্ষাক্রম অনুযায়ী সকল বিষয়ের জন্য নির্ধারিত সকল শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে হবে। কোনো শিখন অভিজ্ঞতা কোনোভাবেই অসম্পূর্ণ রাখা যাবে না;
২. ১০ নভেম্বর, ২০২৩ এর মধ্যে সকল শিখন অভিজ্ঞতা সম্পন্ন করে ১১-৩০ নভেম্বর, ২০২৩ এর মধ্যে বার্ষিক সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করতে হবে;
৩. বিদ্যমান কর্মদিবসের মধ্যে কীভাবে ষাণ্মাসিক মূল্যায়নের পরবর্তী শিখন অভিজ্ঞতাগুলো সম্পন্ন করা যেতে পারে, সে সম্পর্কিত একটি বিষয়ভিত্তিক নির্দেশনা বা গাইডলাইন তৈরি করা হয়েছে, যা সকল শিক্ষককে অনুসরণ করে কার্যক্রম পরিচালনা করতে হবে **(এনসিটিবি হতে প্রাপ্ত বিষয়ভিত্তিক নির্দেশনা বা গাইডলাইন এতদসঙ্গে প্রেরণ করা হলো)**;
৪. ২৩ জুলাই, ২০২৩ থেকে নতুন গাইডলাইন অনুসরণ করে সকল প্রতিষ্ঠানে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করতে হবে;
৫. গাইডলাইন অনুসরণ সংক্রান্ত কোনো প্রশ্ন থাকলে সংশ্লিষ্ট বিষয়ের মাস্টার ট্রেইনার, জেলা ও উপজেলা পর্যায়ের প্রশিক্ষকদের নিকট থেকে জেনে নেওয়া যেতে পারে;
৬. এই নির্দেশনা শুধুমাত্র ২০২৩ শিক্ষাবর্ষের জন্যই প্রযোজ্য। আগামী ২০২৪ শিক্ষাবর্ষ থেকে শিক্ষক সহায়িকা অনুসরণ করে যথানিয়মে কার্যক্রম পরিচালনা করতে হবে।

এমতাবস্থায়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) হতে প্রাপ্ত ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে চলমান নতুন শিক্ষাক্রমের কার্যক্রম বিদ্যমান কর্মদিবসের সাথে সমন্বয় সংক্রান্ত উল্লিখিত বিষয়গুলো যথাযথ প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

23/07/2023

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮
addshesecondary2@gmail.com

**বিতরণ:**

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল)
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৬। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
**[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]**
০৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
**[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]**
১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১১। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
**[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]**
১২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
**[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]**
১৩। সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি, মাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, সকল
**[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]**
১৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৫। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
হাটহাজারী, চট্টগ্রাম।
www.seo.hathazari.chittagong.gov.bd

স্মারক নং-৩৭.০২.১৫৬১.১০১.০৫১৬.২৩-২০২(৮৬) তারিখঃ ২৫/০৭/২০২৩ খ্রি.

**বিষয় ঃ গ্রীষ্মকালীন ছুটি বাতিল এবং শীতকালীন ছুটি বর্ধিতকরণের ফলে বিদ্যমান কর্মদিবসের সাথে নতুন শিক্ষাক্রমের কার্যক্রম সমন্বয় সংক্রান্ত নির্দেশনা প্রেরণ।**

সূত্র ঃ ১। এসসিবি'র স্মারক নং-৩৭.০৬.০০০০.৪০২.৭১.০০৩.২১.১, তারিখঃ ২০/০৭/২০২৩ খ্রি.
২। মাউশি স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.১৬০৭, তারিখঃ ২৩/০৭/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৫২ অনুযায়ী গ্রীষ্মকালীন ছুটি বাতিল করা হয়েছে এবং ৩০ নভেম্বর, ২০২৩ এর মধ্যে সকল শিখন ও মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ ও বাতিলকৃত গ্রীষ্মকালীন ছুটি শীতকালীন ছুটির সাথে সমন্বয়ের নির্দেশনা দেওয়া হয়েছে। ফলে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে চলমান নতুন শিক্ষাক্রমের কার্যক্রম বিদ্যমান কর্মদিবসের সাথে সমন্বয়ের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় এনসিটিবি হতে প্রাপ্ত বিষয়ভিত্তিক নির্দেশনা বা গাইডলাইন এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৫/০৭/২৩

(মোঃ মাইনুদ্দিন মজুমদার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম ।
Email: useohathazari@gmail.com
২৫/৭/২৩

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার
........................................ স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা
হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নং-৩৭.০২.১৫৬১.১০১.০৫১৬.২৩-২০২/৮৬(০৪) তারিখঃ ২৫/০৭/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-
১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৪। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৫। অফিস কপি।

২৫/০৭/২৩

(মোঃ মাইনুদ্দিন মজুমদার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম ।
Email: useohathazari@gmail.com
২৫/৭/২০২৩